**একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত পত্র**

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd

মুজিব ১০০

শেখ হাসিনার মুলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২.০৮-১৮৩ তারিখঃ ০৯-০৩-২০২২ ইং।

## অফিস আদেশ

বিষয়ঃ **উন্নয়ন বাজেটের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পের দরপত্র ও ভেরিয়েশন সংক্রান্ত নথি নিষ্পত্তি করার ক্ষমতা অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সদর দপ্তর) কে প্রদান প্রসংগে।**

সূত্রঃ ১। স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২.০৮-৭৩০, তারিখঃ ২২-০৯-২০২০।
২। স্মারক নং-৪৬.০২.০০০০.২০২.৯৯.০০৬.২১-৫০৬, তারিখঃ ০৮-০৩-২০২২।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত আর্থিক ক্ষমতা অর্পন আদেশ (Delegation of Financial Power) অনুসারে উন্নয়ন বাজেটের আওতায় সংস্থা প্রধান ও প্রকল্প পরিচালকগণকে চুক্তি অনুমোদনের আর্থিক ক্ষমতা অর্পন করা হয়েছে। চুক্তি অনুমোদন প্রক্রিয়া ত্বরান্বিত করার লক্ষ্যে উপরোক্ত ১ নং সূত্রে জারীকৃত আদেশ সংশোধনক্রমে পূর্ত কাজের চুক্তি ও ভেরিয়েশন অনুমোদনের পূর্বে সংশ্লিষ্ট অতিরিক্ত প্রধান প্রকৌশলীগণকে নিম্নবর্ণিতভাবে নথি নিষ্পত্তি করার ক্ষমতা অর্পন করা হলোঃ

**ক. দরপত্রের নথিঃ**

সংশ্লিষ্ট অতিরিক্ত প্রধান প্রকৌশলীগণ নিজ নিজ অধিক্ষেত্রের সর্বোচ্চ ৩ (তিন) কোটি টাকা মূল্যমানের সমদর পর্যন্ত দরপত্র (Tender) এর নথি নিষ্পত্তি করবেন;

**খ. ভেরিয়েশনের নথিঃ**

সংশ্লিষ্ট অতিরিক্ত প্রধান প্রকৌশলীগণ নিজ নিজ অধিক্ষেত্রের নন-টেন্ডার আইটেম ব্যতীত চুক্তিমুল্যের (+) ৩% পর্যন্ত তবে মোট সংশোধিত চুক্তিমূল্য সর্বোচ্চ ৩ (তিন) কোটি টাকা মূল্যের ভেরিয়েশনের নথি নিষ্পত্তি করবেন;

দরপত্র ও ভেরিয়েশন সংক্রান্ত অন্যান্য সকল নথি অধিক্ষেত্র অনুযায়ী অতিরিক্ত প্রধান প্রকৌশলীগণের মাধ্যমে নিম্নস্বক্ষকারীর নিকট উপস্থাপন করতে হবে। উল্লেখ্য, ২ নং সূত্রে জারীকৃত অফিস আদেশ যথারীতি বহাল থাকবে।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

০৯.০৩.২০২২

**(সেখ মোহাম্মদ মহসিন)**
প্রধান প্রকৌশলী
ফোনঃ ০২-৫৮১৫২৮০২
ই-মেইলঃ ce@lged.gov.bd

স্মারক নং- ৪৬.০২.০০০০.৩২১.০৬.০০২.০৮-১৮৩/১(৫) তারিখঃ ০৯-০৩-২০২২ইং।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৩। প্রকল্প পরিচালক (সকল)........................................................... এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৪। উপ-প্রকল্প পরিচালক/নির্বাহী প্রকৌশলী (সকল), ....................প্রকল্প/ইউনিট, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৫। সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী (সকল), ...............প্রকল্প/ইউনিট, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।

০৯.০৩.২০২২

**(মোঃ আবদুস সাত্তার)**
নির্বাহী প্রকৌশলী (প্রকিউরমেন্ট)
ফোনঃ ০২-৫৫০০৬৭৭৫
ইমেইলঃ xen.procurement@lged.gov.bd

D\DIMAPP Project\Office Order (Committee)\Office Order (Delegation of Power)